

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
 সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ডিএসএল অধিশাখা।

নং- অম/ অবি/ ডিএসএল-২/বিবিধ-৫/০৬/৩২৪

তারিখঃ ১৭/০৬/০৭ খ্রিঃ।

বিষয় : স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত/ স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠান সমূহকে সরকার কর্তৃক প্রদত্ত ঋণের ত্রৈমাসিক হিসাব বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থাকে যে ঋণ প্রদান করা হয় তা হিসাব মহা নিয়ন্ত্রক (সিজিএ)-র আওতাধীন বিভিন্ন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার (সিএও) কার্যালয় হতে পরিশোধ করা হয় এবং সিজিএ কর্তৃক তার সমন্বিত হিসাব প্রণয়ন করা হয়। উল্লেখ্য যে, বিভিন্ন স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থাকে সরকার কর্তৃক প্রদত্ত ঋণের যথাযথ হিসাব সংরক্ষণের লক্ষ্যে প্রদত্ত ঋণের অর্থ আদায়ের কাজটি অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা কর্তৃক সম্পাদন করা হচ্ছে। সরকার কর্তৃক প্রদত্ত ঋণের যথাযথ হিসাব সংরক্ষণের স্বার্থে ঋণের অর্থ পরিশোধের তথ্যাবলী ডিএসএল অধিশাখায় থাকা একান্ত প্রয়োজন। যেহেতু বিভিন্ন সংস্থা সমূহের বিভিন্ন প্রকল্পকে সাধারণত ত্রৈমাসিক ভিত্তিতে ঋণের অর্থ প্রদান করা হয়ে থাকে, সেহেতু সিজিএ কর্তৃক ঋণের অর্থ পরিশোধ সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন পূর্বক অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা বরাবর প্রেরণ করা হলে সংস্থা ভিত্তিক ডিএসএল-র প্রকৃত অর্থ পরিশোধ সম্পর্কে নিশ্চিত হওয়া সম্ভব হবে। ডিএসএল অধিশাখা কর্তৃক যথাযথ হিসাব সংরক্ষণের স্বার্থে এখন হতে ঋণের অর্থ পরিশোধের ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাঃ-

(মোঃ এখলাছুর রহমান)

উপ-সচিব (ডিএসএল)

ফোন : ৯৫৫১১৬০।

প্রাপক : হিসাব মহা নিয়ন্ত্রক,

সিজিএ ভবন,

সেগুন বাগিচা, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ : জনাব আবদুস সামাদ, অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব)]